

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ / ০২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং-১৭৯-আইন/২০১৬/৭৫৫-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২২ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১০৯-আইন/২০১৪/৭০৪-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(১) টেবিল-২ এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) –

(ক) 24.02 এবং উহার বিপরীতে কলাম (২), (৩) এবং (৪) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“24.02	2402.20.00	তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার শর্তে):	
		(১) তেইশ টাকা	৫০
		(২) পয়তাল্লিশ টাকা ও তদূর্ধ্ব	৬২
		(৩) সত্তর টাকা ও তদূর্ধ্ব	৬৪
	2402.90.00	(ক) যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার বিয়ুক্ত)	৩০
		(খ) যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার সংযুক্ত)	৩৫”;

(খ) 24.03 এবং উহার বিপরীতে কলাম (২), (৩) এবং (৪) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“24.03 2403.99.00 জর্দা ও গুল ১০০”;

(২) টেবিল-৩ এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (সেবার কোড) –

(ক) S০১২ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) এবং (৪) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০১২            S০১২.১০            **টেলিফোনঃ**  
শুধুমাত্র মোবাইল ফোনের            ৫ ”;  
সিম/রিম কার্ড ব্যবহারের  
মাধ্যমে প্রদত্ত সেবা

(খ) S০২৩.০০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) এবং (৪) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ড্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“S০৩৮            S০৩৮.০০            বিদেশী            শিল্পী            সহযোগে            ১০”।  
বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান  
আয়োজক (দ্বিপক্ষীয় সাংস্কৃতিক  
বিনিময় কর্মসূচীর আওতায় আগত  
বিদেশী শিল্পী ও মূল ধারার বিদেশী  
শিল্পী সহযোগে আয়োজিত অনুষ্ঠান  
ব্যতীত)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)  
সিনিয়র সচিব